মুজিবনগরে কর্মকর্তা- কর্মচারীরা অফিসে আসেন দেরিতে

মুজিবনগর উপজেলার সরকারি অফিসগুলোতে মানা হচ্ছে না সরকারের নতৃন নিয়ম।এখানে কর্মরত সরকারি কর্মকর্তা-কর্মচারীরা সরকার নির্ধারিত নতুন সময় সূচিতে অফিস করছেন না কেউ।অনেকে দেরিতে অফিসে আসছেন আবার নির্ধারিত সময়ের আগেই অফিস ত্যাগ করছেন।

গতকাল রবিবার (১১ সেপ্টেম্বর) সকাল ৮টা থেকে দুপুর ১১টা পর্যন্ত মুজিবনগর উপজেলা প্রশাসন কার্যালয়ে মেহেরপুর প্রতিদিনের টিম সরেজমিনে গিয়ে অনিয়মের এই চিত্র পেয়েছে। ঘড়ির কাঁটায় তখন সকাল ৯টা ৩৭ মিনিট। উপজেলা মৎস্য কর্মকর্তার অফিস তালাবদ্ধ। একটু পরেই একজন লোক এসে অফিস খোলেন। তিনি নিজেকে অফিসের পিওন পরিচয় দিয়ে বলেন সিনিয়র মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম মন্ত্রীর সাথে দেখা করে অফিসে আসবেন।

মহিলা বিষয়ক কর্মকর্তা উপস্থিত হতে পারেননি যথাসময়ে।সকাল ৯ টার সময়েও তাকে অফিসে পাওয়া যায়নি। যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় খোলা থাকলেও উপস্থিত ছিলেন মাত্র একজন। যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দীন অফিসে প্রবেশ করেননি। মোবাইল ফোনে যুব উন্নয়ন কর্মকর্তা রাকিবের সাথে কথা বললে তিনি জানান আমি আজকে জেলা অফিসে ছিলাম। সেখান থেকে এই মাত্র (৩.৫০ মিনিট) বাসাতে ফিরলাম। অফিসে যাওয়া হয়নি আজকে।অফিসের মুভমেন্ট খাতায় সই করে বাইরে যাওয়ার নিয়ম থাকলেও অনেক সময় সেটা মানা হয়না বলে জানান এই কর্মকর্তা।

সকাল সাড়ে ৯ টা পর্যন্ত উপজেলা নির্বাচন কর্মকর্তা মেহেদী হাসানের দরজায় দেখা যায় সেবা গ্রহীতার অপেক্ষা। তার অফিস কক্ষের তালা সকাল ৯ টার পরে খোলা হলেও সকাল ১০ টা পর্যন্ত অফিসার আসেননি।

সকাল সাড়ে ৯টা পর্যন্ত মুজিবনগর উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এর কার্যালয়ের অফিসারের রুমটি ছিল তালাবদ্ধ। দেখা গেছে এই জনগুরুত্বপূর্ণ অফিসটি চালাচ্ছেন একজন চতুর্থ শ্রেণীর কর্মচারী। তবে, খাদ্য নিয়ন্ত্রক মনিরুজ্জামান মোবাইল ফোনে বলেন, আমি মুজিবনগরে এবং জেলায় অতিরিক্ত দায়ীত্বে রয়েছে। যে কারনে প্রতিদিন মুজিবনগরে অফিস করা সম্ভব হয়না। কাজ থাকলে যায়। না থাকলে সদর এবং

মেহেরপুর কাজ করি।

সকাল সাড়ে ৮ টা পর্যন্ত উপজেলা সমবায় অফিসার মোঃ মনিরুজ্জামান ছিলেন না অফিসে। তালাবদ্ধ ছিল তার কক্ষটিও। উপজেলা সমবায় অফিসের সহকারী পরিদর্শক মোঃ শাহিনুজ্জামানও উপস্থিত ছিলেন না তার কক্ষে।

তথ্য যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহকারি প্রোগ্রামার এনাম আহমেদ সহজ প্রতিদিনই অফিসে আসেন দেরিতে। আজকেও তার সেই চিত্র পাওয়া গেছে। সকাল ৯:৩০ পর্যন্ত তিনি অফিসে আসেননি। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার কাউসার আলী এর কার্যালয় ছিল তালাবদ্ধ। তার পাশাপাশি তালাবদ্ধ অবস্থায় ছিল সহকারী পল্লী উন্নয়নের অফিসার মোঃ আব্দুস সালামের কক্ষটিও।

উপজেলা হিসাবরক্ষণ অফিসের অডিটর মোঃ পলাশ আলীর অফিস আসেননি সঠিক সময়ে। সকাল ৮টার সময় উপজেলা সমাজসেবা কর্মকর্তা আব্দুর রবের তালাবদ্ধ কক্ষ, মাধ্যমিক শিক্ষা অফিসার একেএম মামুনুর রশিদের কক্ষটি খোলা থাকলেও অফিসে পাওয়া যায়নি সহকারি মাধ্যমিক শিক্ষা অফিসার। স্যার তখনো অফিসে পৌছাননি বলে জানান অফিস সহায়ক। উপজেলা শিক্ষা অফিসার মোঃ আলাউদ্দিন ছুটিতে ভারতে রয়েছেন চিকিৎসার জন্য এমনটি জানান অফিস সহায়ক।

তবে, যথা সময়ে স্থানীয় সরকার প্রকৌশলী অধিদপ্তরের (এলজিইডি)অফিসে পাওয়া গেছে প্রকৌশলী শাহীন আক্তারকে। অফিসে সঠিক সময় ছিলেন তানিয়া খন্দকার।

সূত্রে জানা গেছে, মাঠপর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের সরকার নির্ধারিত সকাল ৮টার মধ্যে অফিস কক্ষে থাকা বাধ্যতামূলক। তবে সরেজমিনে দেখা গেছে, অধিকাংশ অফিসে নির্ধারিত সময়ে কর্মকর্তারা আসেন না। ৮টায় অফিসে আসার বাধ্যবাধকতা থাকলেও বেশিরভাগই সাড়ে ৯টা থেকে ১০টার মধ্যে আসেন। এ সুযোগ নিয়ে অধস্তন কর্মচারীরাও নির্ধারিত সময়ে অফিসে আসছেন না।

মুজিবনগরের ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) বলেন, আমি এই জেলাতে নতুন এসে সদর উপজেলাতে যোগদান করেছি। যোগদানের পরপরই গত ০৮/০৯/২০২২ তারিখ থেকে মুজিবনগরের ইউএনও হিসেবে অতিরিক্ত দায়ীত্ব দিয়েছে। আজকে রবিবার ছিল আমার কাজের প্রথম দিন। আমি যেতে পারিনি সেখানে। খোঁজ খবর নিয়ে তারপর বিষয়টি আমি দেখবো। তবে,সরকারি নিয়ম অনুযায়ী সরকারি কর্মকর্তা/কর্মচারীদের অফিসে আসা

গাংনীর ষোলটাকা ইউনিয়নে সমন্বয় সভা অনুষ্ঠিত

এসডিজি ইউনিয়ন গড়ে তোলার লক্ষ্যে ইউনিয়ন পরিষদ ও ইউনিয়ন স্বেচ্ছাসেবক ফোরামের সমন্বয় সভা গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়ন পরিষদের হলরুমে অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার(১১ সেপ্টেম্বর) দি হাঙ্গার প্রজেক্ট এর সহযোগীতায় ষোলটাকা ইউনিয়ন পরিষদ ও ইউনিয়ন স্বেচ্ছাসেবক ফোরাম এ আয়োজন করে।

ষোলটাকা ইউনিয়নের চেয়ারম্যান মোঃ আনোয়ার পাশার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমন্বয় সভার প্রধান অতিথি ছিলেন দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর আঞ্চলিক সমন্বয়কারী খোরশেদ আলম।

সমন্বয় সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা সমন্বয়কারী হেলাল উদ্দিন, ইউনিয়ন স্বেচ্ছাসেবক ফোরামের সভাপতি মোঃ মনিরুজ্জামান মনি, জুগিরগোফা মাধ্যমিক বিদ্যালয় অবসরপ্রাপ্ত শিক্ষক মহম্মোদ আলী প্রমুখ।

সভার শুরুতে গ্রাম উন্নয়ন দলের সদস্যগন তাদের গ্রাম পর্যায়ে নানামুখী সামাজিক উন্নয়নমূলক কার্যক্রমের চিত্র উপস্থাপন করেন। এবং কাজ করতে গিয়ে যে সকল চ্যালেঞ্জের মুখোমুখি হন তা ইউ,পি কাছে উপস্থাপন করেন।

ষোলটাকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ আনোয়ার পাশা বলেন গ্রাম উন্নয়ন দলের সদস্যগন নিয়মিত তাদের গ্রামের সামাজিক সমস্যা সমাধানে স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে কাজ করে চলেছেন তাদের সাধুবাদ জানান।

এছাড়া গ্রাম উন্নয়ন দলের সদস্যগন গ্রামের যে কোন সমস্যা সমাধানে সহযোগিতা প্রয়োজন হলে ইউনিয়ন পরিষদ কতৃক সর্বাত্মক সহযোগিতার

প্রত্যাশা ব্যক্ত করেন।

এসময় সকল ইউ,পি সদস্য সহ,ইউনিয়নের প্রতিটি গ্রাম থেকে আগত গ্রাম উন্নয়ন দলের সভাপতি /সেক্রেটারি ও সদস্য এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন

চুয়াডাঙ্গার খাড়াগোদায় কাবাডি খেলা নিয়ে সংঘর্ষ ২ শিক্ষকসহ আহত ৩

চুয়াডাঙ্গার দর্শনা থানার গড়াইটুপি ইউনিয়নের খাড়াগোদা মাধ্যমিক বিদ্যালয়ে কাবাডি খেলা নিয়ে তর্কবির্তকের কারনে প্রধান শিক্ষক নাহারুল ইসলামের বিরুদ্ধে বিদ্যালয়ের ক্রীড়া শিক্ষক ও ল্যাব এসিস্ট্যান্টকে মারধরের অভিযোগ উঠেছে। গতকাল রোববার দুপুর আনুমানিক ১ টার দিকে ।পরে উত্তেজিত ছাত্র শিক্ষকদের পুলিশ গিয়ে শান্ত করেন।

জানাগেছে,চুয়াডাঙ্গা সদর উপজেলার গড়াইটুপি ইউনিয়নের খাড়াগোদা মাধ্যমিক বিদ্যালয়ের আগামীকাল সোমবার চুয়াডাঙ্গার ঝিনুক মাধ্যমিক বিদ্যালয়ের কাবাডি থানা পর্যায়ের খেলা অনুষ্ঠিত হওয়ার কথা ছিলো। এজন্য শিক্ষকের কক্ষে যান।এ সময় প্রধান শিক্ষক এর আগেও খেলোয়াড়দের নিয়ে বিড়ম্বনা কথা বলে ক্রীড়াশিক্ষককে এসে খেলার মাঠে খেলোয়াড়দের নিয়ে যাবার কথা বলে।

অপরদিকে প্রধান শিক্ষক নাহারুল ইসলাম পুরনো খরচপাতির কথা তুলে ধরে খেলায় অংশগ্রহণ করতে অনিহার ভাব প্রকাশ করে।

পরে নিয়ে তর্কবিতর্কের একপর্যায়ে প্রধান শিক্ষক সোয়েব হোসেনকে স্কেল দিয়ে মারধর করে। পরে ঠেকাতে গিয়ে শামীম রেজা নামের আরেক শিক্ষ হালকা চোট পায়।অপরদিকে প্রধান শিশিক্ষককে মূর্খ বলে নিজের দোষ স্বীকার করেন ক্রীড়া শিক্ষক। এজন্য তাকে মারধর করে।

এ বিষয়ে বিদ্যালয়ের সভাপতি খালেকুজ্জামান মাস্টার বলেন,আমি ঘটনার

পরে স্কুলে গিয়ে উভয়পক্ষের সাথে কথা বলে আগামীকাল খেলা থাকার কারনে স্থানীয় চেয়ারম্যানসহ আমরা বসে একটা সমাধান করার চেষ্টা করবো।

এদিকে স্থানীয়রা মাছুরা খাতুন টুনি নামের সংবাদকর্মীকে মোবাইল ছিনিয়ে মারধর করা হয়েছে বলে জানিয়েছেন ওই সংবাদকর্মী।তবে তারা বলেছেন পক্ষপাতিত্বমূলক কথা বলার জন্য তাকে উত্তেজিতরা এ ঘটনা ঘটায়।

তবে এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবির বলেন খাড়াগোদা মাধ্যমিক বিদ্যালয়ের খেলা নিয়ে সংঘর্ষ হয়েছে তবে কোন শিক্ষক অভিযোগ করেননি।তবে এ ঘটনায় মাছুরা টুনি নামের একজন অভিযোগ করেছে।

তারেক জিয়ার কথায় নাচানাচি করে বিপদে পড়বেন না

মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেন, তারেক জিয়ার কথায় নাচানাচি করে কেউ বিশৃংখলা করে বিপদে পড়বেন না। আপনি বিপদে পড়লে কেউ আপনার পাশে দাড়াবেনা। বিদেশের মাটিতে এসি উপজেলা আওয়ামী লীগ তার দাঁত ভাঙ্গা জবাব দেবে। লাঠির মাথায় পতাকা বেঁধে মিছিল করে বির্শংখলা করেছেন বলে মনে কইরেন না আপনাদের চালাকি কেউ বুঝবে না। আমরা রাজনীতি করি তাই আপনাদের চালাকি ধরে ফেলেছি।

সারাদেশে বিএনপি জামাতের নৈরাজ্য সন্ত্রাস,ভাংচুর ও অগ্নী সন্ত্রাসের বিরুদ্ধে গতকাল রবিবার (১১ সেপ্টেম্বর) বিকালে গাংনী উপজেলা আওয়ামী লীগ আয়োজিত বিশাল বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

এমপি খোকন বলেন, বিএনপির ৪৪ তম প্রতিষ্ঠা বার্ষিকীর নামের দোয়া মাহফিল নেই, কেক কাটা নেই দলীয় শৃংখলা নেই এসব চালাকি ভুলে যান। কয়েকজন অল্প বয়সী যুবক নিয়ে নাচানাচি করে যেতে পেরেছেন বলে

আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, উপজেলা স্বেচ্ছা সেবক লীগের সভাপতি আবুল বাসার, উপজেলা আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মনি মাস্টার, উপজেলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন,, জেলা পরিষদের সাবেক মহিলা সদস্য শাহানা ইসলাম শান্তনা, সাবেক ছাত্র নেতা সাইফুজ্জামান শিপু, উপজেলা ছাত্রলীগের সহ সভাপতি মাজেদুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক শুভ আহাম্মেদ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপ যুবলীগ রাহিবুল ইসলাম। গাংনী উপজেলার বিভিন্ন এলাকা থেকে আওয়ামীলীগ,ছাত্রলীগ,যুবলীগ ও মহিলা আওয়ামীলীগের পৃথক পৃথক মিছিল সমাবেশে অংশ গ্রহন করেন।

কোটচাঁদপুর বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে সংস্কার কাজে অনিয়ম

কোটচাঁদপুরে প্রাথমিক বিদ্যালয়ের ক্ষুদ্র মেরামতের কাজে অভিযোগ উঠেছে অনিয়মের। বরাদ্দকৃত অর্থ থেকে ৩০ থেকে ৪০ হাজার টাকা কেটে নেয়া হয়েছে ভ্যাট আর আয়করের নাম করে, এমন অভিযোগ ও রয়েছে সংশ্লিষ্টদের বিরুদ্ধে। এরপরও কাজ ভাল হয়েছে বলে দাবি করেছেন উপজেলা প্রকৌশলী রুহুল ইসলাম।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,২০২১- ২২ অর্থ বছরে কোটচাঁদপুর উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের মাইনর মেরামতের জন্য ২ লাখ টাকা করে বরাদ্দ দেন সরকার। এ বছর এর আওতায় উপজেলার ১৭ টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এ সব বিদ্যালয়ের মধ্যে রয়েছে রঘুনাতপুর, কুল্লাগাছা, মানিকদিয়া, ছয়খাদা, শালকুপা, রাজাপুর, পারলাট, আব্দুররাজ্জাক, বাজেবামনদহ, হাড়াডাঙ্গা বিদ্যাধরপুর, বলাবাড়িয়া, চাঁদপাড়া, দূবাকুন্ড, কামারকুন্ড, চতুরপুর, ব্রক্ষপুর, হরিণদীয়া প্রাথমিক বিদ্যালয়।

ইতোমধ্যে অধিকাংশ বিদ্যালয়ের কাজ শেষ হয়েছে । বিলও তুলেছেন অনেকে। এর একটি হচ্ছে রঘুনাথ প্রাথমিক বিদ্যালয়। এ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি আবেদ হাসান। আর প্রধান শিক্ষক হচ্ছেন

বলেন,ভ্যাট আর আয়কর বাবদ আমাদের কাছ থেকে কেটেছেন ৩০ হাজার টাকা। তবে এ সব মানতে নারাজ উপজেলা শিক্ষা কর্মকর্তা অসিত বরন পাল। তিনি দাবি করেছেন কাজ সিডিউল অনুযায়ী হয়েছে। আর ভ্যাট আর আয়করের যে টাকা টাকার অভিযোগ উঠেছে এটা সঠিক না। কারন তাদের টাকা চেকের মাধ্যমে দেয়া হচ্ছে। টাকা কেটে নেয়ার কোন সুযোগই নাই। তিনি বলেন,আমার জানা মতে হিসাবরক্ষণ অফিস ১০ শতাংশ ভ্যাট আর ৩.৫০ শতাংশ ভ্যাট আর আয়কর কাটছেন।

তবে সংশ্লিষ্ট সুত্রে জানা গেছে, ওই কাজের টাকা থেকে ৭ শতাংশ ভ্যাট আর ৩ শতাংশ আয়করের টাকা কাটা হচ্ছে। এ ব্যাপারে কোটচাঁদপুর উপজেলা প্রকৌশলী রুহুল ইসলাম বলেন, আমি ওই কাজের কারিগরি দিকটা দেখার দায়িত্বে রয়েছি। বিল দিবে শিক্ষা অফিস। কাজের মান ভাল হয়েছে বলে দেখে শুনে বিল দেয়ার সুপারিশ করা হয়েছে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ দেলোয়ার হোসেন জানান, এ বিষয়ে আমার কিছুই জানা ছিল না। এখন জানলাম। শিক্ষা অফিসারের সঙ্গে কথা বলে দেখি, ঘটনাটি কি ঘটেছে। এরপর ব্যবস্থা নেয়া হবে। বিষয়টি তদন্তপূর্বক ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট কর্তাব্যক্তিদের আশুহস্ত কামনা করেছেন এলাকাবাসী।

চুয়াডাঙ্গা দর্শনা ট্রাফিক পুলিশের বিশেষ অভিযানে মামলাসহ মোটরসাইকেল আটক

চুয়াডাঙ্গার দর্শনায় জেলা ট্রাফিক পুলিশ ঝটিকা অভিযান চালিয়ে ৫টি মামলা ও আনুমানিক ২৫ টি মোটরসাইকেল আটক করেছে।

রোববার (১১ সেপ্টেম্বর) সকাল থেকে দুপুর অবধি দর্শনা বাসষ্ট্রান্ড মোড়ে অভিযান পরিচালনা করা হয়। এ অভিযানে ৫ টি মোটরসাইকেলের বিরুদ্ধে মামলা ও আনমিানিক ২৫ টি মোটরসাইকেল আটক করে দর্শনা হেফাজতে রাখা হয়েছে।

জানা গেছে, চুয়াডাঙ্গা ট্রাফিক পুলিশের ট্রাফিক ইন্সপেক্টর মনির হোসেন ও ট্রাফিক ইন্সপেক্টর মমিনুর রহমান এর নির্দেশে সার্জেন্ট নূরুল ইসলাম, টিএসআই মমিনুর রহমান সহ সঙ্গীয় ফোর্স দর্শনা বাসষ্ট্রান্ড মোড়ে সকাল থেকে দুপুর পর্যন্ত অভিযান পরিচালনা করেন।

এ অভিযানে মোটরসাইকেলের কাগজপত্রে ত্রুটি থাকায় ৫ টি মামলা প্রদান করে। এ ছাড়া এসময় রেজিষ্টেশনবিহীন ও বিভিন্ন ত্রুটির কারণে ২৫ টি মোটরসাইকেল আটক করা হয়।

ট্রাফিক ইন্সপেক্টর মনির হোসেন জানান, সড়ক পরিবহন আইন ২০১৮র বিভিন্ন ধারায় অভিযান পরিচালনা করা হয়। অভিযানে কাজপত্রের বিভিন্ন ত্রুটি থাকায় ৫টি মটরসাইকেলের বিরুদ্ধে মামলা ও রেজিষ্টেশন বিহীন সহ অনান্য ত্রুটির কারণে আনুমানিক ২৫ টি মটরসাইকেল আটক করা হয়।মোটরসাইকেল দর্শনা থানা হেফাজতে আছে।

ঐতিহাসিক মুজিবনগরকে পৌরসভার দাবীতে স্বারকলিপি প্রদান

ঐতিহাসিক মুজিবনগরকে পৌরসভার দাবীতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রীকে স্বারকলিপি দিয়েছে বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য জেমস স্বপন মল্লিক বাবু।

রবিবার এলজিআরডি মন্ত্রী মো: তাজুল ইসলামের হাতে স্বারকলিপি তুলে দেন জেমস স্বপন মল্লিক বাবু।

জেমস স্বপন মল্লিক বাবু তার আবেদন লেখেন, স্বাধীনতার সূতিকাগার ঐতিহাসিক মুজিবনগর। ১৯৭১ সালে বাংলাদেশের প্রথম অস্থায়ী রাষ্ট্র গঠণের মধ্য দিয়ে বাংলাদেশ নামক রাষ্ট্রের জন্ম হয়েছে। মুজিবনগর বাংলাদেশের প্রথম রাজধানী। অথচ, আজো এই স্থানটি বাগোয়ান ইউনিয়নের আওতায় রয়েছে। বর্তমান সরকার যতবার ক্ষমতায় এসেছে ততবারই এই স্থানটির উন্নয়ন করেছে।অবকাঠামো থেকে শুরু করে জনমুখীকার্যক্রম ও নানাবিধ চাহিদা পুরুণ করেছে। তাই মুজিবনগর

বাসির প্রাণের দাবী এই ঐতিহাসিক স্থানটিকে পৌরসভা ঘোষণা করে এটি আরো উচ্চমাত্রায় পৌছে দেবে।

এই স্থানটি বর্তমানে বাগোয়ান ইউনিয়ন পরিষদের আওতায় রয়েছে। বর্তমান এর ভোটার সংখ্যা ৩২ হাজারের বেশী। মুজিবনগরে প্রতিদিন প্রচুর পরিমান দেশী/বিদেশী পর্যটক আসছেন। বিভিন্ন যানবাহনে করে পিকনিককরতে আসেন। এখানে ব্যক্তি পর্যায়ে ভিন্ন ক্ষুদ্র ও মাঝারি শিল্পকারখানা গড়ে উঠেছে।

বিশাল আয়তনের মুজিবনগর কমপ্লেক, পিকনিকস্পট, উপজেলা পরিষদ, থানা ও দুইটি হাট, সরকারি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়, দুই টি মহিলা কলেজ, পলি টেকনিক্যাল কলেজ, বাসস্ট্যান্ড, কেদারগঞ্জ বাজার, পরিনস্কার পরিচ্ছন্নত, আর্সেনিকমুক্ত পানীয় জল, আলোয় আলোকিত রাস্তা ঘাটের উন্নয়ন, শিক্ষা, প্রাথমিক চিকিৎসাকৃষি উন্নয়ন ও সার্বিক নিরাপত্তা ও এলাকার উন্নয়নে এবং জনগণের জন্য পৌর সেবা অতীব হয়ে উঠেছে।তাই এখানে পৌরসভা ঘোষণা করার জন্য অনুরোধ জানান তিনি।

ব্যস্ত সময় পার করছে দামুড়হুদার প্রতিমা তৈরির মৃৎশিল্পীরা

শারদীয় দুর্গাপূজা হিন্দু ধর্মাবলম্বীর সর্ব বৃহত্তম ধর্মীয় উৎসব। মূল আনুষ্ঠানিকতা শুরু হতে এখনও ১৯ দিন বাকী থাকলেও হিন্দু ধর্মাবলম্বীদের দরজায় কড়া নাড়ছে দেবী-দুর্গার আগমনী বার্তা।

ইতোমধ্যেই দামুড়হুদা উপজেলায় প্রস্তুতি শুরু হয়েছে। বিশেষ করে দুর্গা প্রতিমা তৈরির কারিগররা ব্যস্ত সময় পার করছে। মণ্ডপের সাজসজ্জাসহ সার্বিক প্রস্তুতি দ্রুত এগিয়ে নিচ্ছেন আয়োজক ও পূজা উদযাপন কমিটি। আগামী ১ অক্টোবর থেকে শুরু হবে পূজার মূল আনুষ্ঠানিকতা। দামুড়হুদা উপজেলায় এবছরে ২২টি মণ্ডপে দুর্গা প্রতিমা বসবে। তারই সাজসজ্জায় ব্যস্ত আয়োজকরা। শারদীয় উৎসব

সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করতে সব ধরনের প্রস্তুতি নেয়া হয়েছে বলে জানিয়েছেন পূজা উদযাপন পরিষদের নেতারা।

সরেজমিনে গিয়ে দেখা যায়,কারিগররা কাদা-মাটি, খড়-কাঠ সংগ্রহ থেকে শুরু করে, প্রতিমা তৈরিতে ব্যস্ত হয়ে পড়েছেন। সকাল থেকে রাত অবধি চলছে এই কার্যক্রম।এখন শারদীয় দুর্গোৎসবে মেতে ওঠার অপেক্ষায় হিন্দু ধর্মাবলম্বীরা।এ উৎসবকে ঘিরে উপজেলায় হিন্দু সম্প্রদায়ের লোকজনের মাঝে দেখা দিয়েছে কর্ম ব্যস্ততা।দিন রাত কাজ করে শিল্পীদের হাতের নিপুণ ছোঁয়ায় তৈরি হচ্ছে প্রতিমা। যেন দম ফেলার সময় নেই কারিগরদের। তবে রং, তুলির ও সাজসজ্জার দাম বেশি হওয়া ও প্রতিমা বানানোর মজুরি কম পাওয়ায় চাপা ক্ষোভ বিরাজ করছে তাদের মধ্যে।

প্রতিমা শিল্পী শ্রী কৃষ্ণ গৌস্বামী বলেন,আমি ২৫ বছর যাবত প্রতিমা বানায়। দুর্গা প্রতিমা ছাড়াও সকল ধরনের প্রতিমা বানিয়ে থাকি এইবার আমি চার টা প্রতিমার কাজ করতেছি। বিশ হাজার থেকে পঁচিশ হাজার টাকায় কন্টাক্টে আমার সাথে তিন জন হেলপার আছে।

এ বিষয়ে দামুড়হুদা উপজেলা পূজা উদযাপন পরিষদের আহ্বায়ক আনন্দ ঘোষ বলেন, এবার অনেক বড় করে পূজা করা হচ্ছে। মহাভারতের কিছু দৃশ্য রাখা হচ্ছে। সব মিলিয়ে দামুড়হুদা উপজেলায় মোট ২২টি প্রতিমা গড়া হচ্ছে।

দামুড়হুদা উপজেলা পূজা উদযাপন পরিষদের সদস্য সচিব সঞ্জয় হালদার জানান, এ বছর অনেক সাড়ম্বরে পূজা উদযাপন করা হবে। মূর্তি গড়ার কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে। কিছুদিন পর থেকেই রংয়ের কাজ শুরু হবে। দশভূজা দেবী দুর্গা এবার আসছেন ঘোড়ায় চড়ে। আর ফিরে যাবেন নৌকায়। পূজাকে কেন্দ্র করে তাই সর্বত্রই চলছে সাজ সাজ রব।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, প্রশাসনের পক্ষ থেকে সকল ধরনের সর্বাত্মক সহযোগিতা করা হবে, পুজায় আগত দর্শনার্থীদের ভিড় এড়াতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ, পুলিশের টহল জোরদার করা, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করতে অনুরোধ, সহ ইভটিজিং ও নারীদের পর্যাপ্ত নিরাপত্তা প্রদানে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হবে।

এবিষয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা সানজিদা বেগম বলেন, পূজা মন্ডপ গুলোতে সর্বাত্মক সতর্কতা মূলক ব্যবস্হা গ্রহণ করা হয়েছে, সুষ্ট ভাবে যেন পূজা উদযাপিত হয় সে লক্ষে জনপ্রতিনিধি সহ

সকলের সহযোগিতা কামনা করছি, পুলিশ প্রশাসনকে বলা আছে যাতে সতর্ক থাকে, কোন ধরনের অপ্রীতিকর ঘটনা যাতে না ঘটে।

মেহেরপুরে পায়রার ব্যবস্থাপনায় টিউবওয়েল স্থাপন কাজের উদ্বোধন

‘পায়রা’ নামের একটি বেসরকারি উন্নয়ন মূলক সংগঠনের ব্যবস্থাপনায় মেহেরপুরে প্রান্তিক জনগোষ্ঠীর মাঝে বিনামূল্যে টিউবওয়েল স্থাপন করা হচ্ছে। এ কর্মসূচীতে অর্থায়ন করছে শারদা নামের একটি বিদেশী এনজিও সংস্থা।

রবিবার সকালে পায়রার সভাপতি ও বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় সংস্কৃতি উপ-কমিটির সদস্য আসলাম হোসেন শিহির এবং নির্বাহী পরিচালক ও আওয়ামী লীগের কেন্দ্রীয় প্রচার উপ-কমিটির সদস্য এম এ এস ইমন ভার্চুয়ালি টিউবওয়েল স্থাপন কাজের উদ্বোধন করেন।

এসময় পায়রার অর্থ সম্পাদক মোস্তাফিজুর রহমান চন্দন, সদস্য মুজাহিদ আল মুন্না সেখানে উপস্থিত ছিলেন।

এধাপে ব্যক্তি ও প্রতিষ্ঠান পর্যায়ে মেহেরপুর জেলার বিভিন্ন এলাকায় ৭টি টিউবওয়েল বসানো হবে। এর আগে মেহেরপুর সদর উপজেলার শ্যামপুরে প্রতিষ্ঠান ৩টি টিউবওয়েল স্থাপন করা হয়।

পায়রার নির্বাহী পরিচালক এমএএস ইমন জানান, মেহেরপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়নে কাজ করবে পায়রা। সংস্থাটি আগামী ১ বছরে জেলার তিন উপজেলার ২০টি ইউনিয়ন ও ২টি পৌর এলাকায় ব্যাক্তি ও প্রতিষ্ঠান পর্যায়ে ২ হাজার টিওবয়েল স্থাপনের লক্ষ্যমাত্রা নিয়ে কাজ করে যাচ্ছে। এছাড়াও মসজিদ ও মসজিদের অজুখানাসহ বিভিন্ন উন্নয়ন মূলক কাজের পরিকল্পনা করা হয়েছে।

দীর্ঘ ১১ বছর পর ঝিনাইদহ পৌরসভায় ভোট

সকল জল্পনাকল্পনার অবসান ঘটিয়ে অবশেষে আজ রোববার ঝিনাইদহ পৌরসভার নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে।

প্রায় সাড়ে ১১ বছর পর চলতি বছরের গত ১৫ জুন এই নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও এক স্বতন্ত্র প্রার্থীর উপর হামলার অভিযোগে নৌকা প্রার্থীর প্রার্থীতা বাতিল করে নির্বাচন কমিশন।

দীর্ঘ আইনী জটিলতা কাটিয়ে শেষে উচ্চ আদালত দ্রুত নির্বাচন করার নির্দেশ দিলে নির্বাচন কমিশন ১১ সেপ্টম্বর ভোট গ্রহনের দিন ধার্য্য করে। নির্বাচনে মোট চারজন প্রার্থী মেয়রপদে প্রতিদ্বন্দিতা করছেন। এরা হলেন নৌকার প্রার্থী আব্দুল খালেক, স্বতন্ত্র প্রার্থী কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল (নারিকেল গাছ), মিজানুর রহমান মাসুম (মোবাইল প্রতিক) ও ইশা আন্দোলনের মাওলানা সিরাজুল ইসলাম হাত পাখা নিয়ে প্রতিদ্বন্দিতা করছেন। চার মেয়র প্রার্থীর তিনজনই আওয়ামী পরিবারের সদস্য বলে জানা গেছে। এদিকে নির্বাচন উপলক্ষ্যে নেওয়া হয়েছে বাড়তি সতর্কতা ও নিরাপত্তা। র্যাব, পুলিশ ও আনসার সদস্যের পাশাপাশি ৫ প্লাটুন বিজিবি মোতায়েন করা হয়েছে। এছাড়া ইভিএমে সুষ্ঠভাবে ভোট গ্রহনের জন্য প্রতিটি কেন্দ্রে থাকবে একজন করে নির্বাচন অফিসার। ভোটের দিন ১৮ জন নির্বাহী ম্যাজিষ্টেট গোটা পৌর এলাকায় ভ্রাম্যমান আদালত পরিচালনা করবেন।

তথ্য নিয়ে জানা গেছে, ৯ সেপ্টম্বর মধ্য রাত থেকেই নির্বাহী ম্যজিষ্ট্রেটের নেতৃত্বে বিজিবি’র সদস্যরা পৌর এলাকার বিভিন্ন পাড়া মহল্লায় টহল দিচ্ছে। পুলিশ সুপার মোহাম্মদ আশিকুর রহমানকে সন্ধ্যার পর অভিযান পরিচালনা করতে গেখে গেছে। সারা শহর নিরাপত্তার চাদরে ঢেকে দেওয়া হয়েছে। প্রার্থীদের সকল ধরণের প্রচারনা বন্ধ থাকলেও রাতের আঁধারে মানুষের আনোগোনা লক্ষ্য করা যাচ্ছে। প্রার্থীরা টাকার ব্যাগ নিয়ে পাড়া মহল্লায় প্রবেশ করছে এমন সব তথ্য সামাজিক যোগাযোগ মাধ্যমে ভেসে বেড়াচ্ছে। জেলা